VOLUME 02 | ISSUE 01 | MARCH 2026

# Southeast Bank FinSight

SoutheastBankBD www.southeastbank.com.bd

## সাউথইস্ট ব্যাংক পিএলসি'র "বার্ষিক ব্যবসায়িক সম্মেলন ২০২৬" অনুষ্ঠিত





০৬ দেশে সর্বপ্রথম ভিসা স্টুডেন্ট **ক্রেডিট কার্ড উদ্বোধন** করে সাউথইস্ট ব্যাংক পিএলসি.

১০ সাউথইস্ট ব্যাংক পিএলসি. **বিশেষ সিএসআর তহবিলের** আওতায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে কৃষি গবেষণা খাতে আর্থিক সহায়তা প্রদান করলো

১৩ **কুয়ালালামপুরে** সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর **উদ্যোগে রেমিট্যান্স** প্রেরণকারীদের সভা অনুষ্ঠিত


SOUTHEAST
HOME LOAN
To make your dream home a reality
Repayment tenure : 12 Months to 300 Months
Maximum loan amount : BDT 200.00 Lac
ANYTIME FOR ASSISTANCE
16206
+88 09 6123 16206
SoutheastBankBD
www.southeastbank.com.bd
Southeast Bank PLC.™
a bank with vision
* Conditions Apply

Southeast Bank
# FinSight

To download "**FinSight**" please scan here.



# সম্পাদকীয়

**প্রিয় পাঠকবৃন্দ,**

আমাদের ব্যাংকের ত্রৈমাসিক প্রকাশনা **"ফিনসাইট"** এর নতুন সংখ্যায় আপনাদের স্বাগত।

এই প্রকাশনার মাধ্যমে ব্যাংকের বিভিন্ন কার্যক্রম, অর্জন, নীতি, সেবা উন্নয়ন এবং আর্থিক খাতের গুরুত্বপূর্ণ বিষয়গুলো আপনাদের সামনে উপস্থাপন করা আমাদের প্রধান উদ্দেশ্য।

বর্তমান সংখ্যাটি মূলত পাঠকদের অনুরোধে বাংলায় প্রকাশ করা হয়েছে, যাতে আমাদের অধিকাংশ পাঠক সহজে বিষয়বস্তু অনুধাবন করতে পারেন। একই সঙ্গে কিছু গুরুত্বপূর্ণ বিষয় ইংরেজিতেও উপস্থাপন করা হয়েছে, যাতে প্রাসঙ্গিক টার্ম, পেশাগত ধারণা এবং আন্তর্জাতিক মানের বিষয়গুলো আরও স্পষ্টভাবে বোঝা যায়।

আমাদের সম্মানিত গ্রাহকরাই হলেন আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ মুখপাত্র। আমরা প্রতিটি সংখ্যায় ব্যাংক সম্পর্কে তাদের মূল্যবান মতামত ও অনুভূতি তুলে ধরার চেষ্টা করেছি। ব্যাংকের মূল চালিকাশক্তি এর উদ্দীপিত কর্মীদের কথাও আমরা এই সংখ্যায় রেখেছি।

আমরা বিশ্বাস করি, এই ত্রৈমাসিক প্রকাশনা শুধু তথ্য প্রদানই করবে না, বরং ব্যাংকিং খাতের পরিবর্তন, উদ্ভাবন এবং ভবিষ্যৎ সম্ভাবনা সম্পর্কেও একটি ইতিবাচক দৃষ্টিভঙ্গি গড়ে তুলতে সহায়তা করবে। আমাদের সহকর্মী, গ্রাহক এবং শুভানুধ্যায়ীদের সহযোগিতা ও আস্থাই আমাদের এগিয়ে যাওয়ার প্রধান শক্তি।

আমরা আশা করি, এই সংখ্যার বিভিন্ন নিবন্ধ, প্রতিবেদন এবং অভিজ্ঞতা আপনাদের কাছে তথ্যবহুল ও উপভোগ্য হবে।

ভবিষ্যতেও আপনাদের মূল্যবান মতামত ও পরামর্শ আমাদের এই প্রকাশনাকে আরও সমৃদ্ধ করতে সহায়তা করবে।

সকলের অব্যাহত সহযোগিতা ও সমর্থনের জন্য আন্তরিক ধন্যবাদ।

**-সায়মা বানু**

## Editorial Team

Advisor
**Mamunur Rashid, FCS**
Senior Executive Vice President

Editor in Chief
**Sayma Banu**
Executive Vice President

**Md. Musfiqur Rahman**
Executive Vice President

**Khairul Anam Mohiuddin**
Executive Vice President

**Syed Abu Naser**
Senior Vice President

**A S M Asraf Uddin Chowdhury**
Senior Assistant Vice President

Content Developed by
**Tarek Mohammad**
Executive Officer

Art and Design
**William Kallyan D'Cruze**
Senior Executive Officer

**Mohammad Bablu Hasan**
Senior Officer

Published By
**Corporate Affairs and CSR Division**
Published in March 2026

Copyright © Southeast Bank PLC. 2025,
All Rights Reserved

**Southeast Bank PLC.**
a bank with vision

The Southeast Bank PLC. reserves all rights. No part of this publication may be translated, reprinted, or reproduced or utilized in any form either in whole or in part or by any electrical, mechanical, or other means, including photocopying and recording, or in any information storage and retrieval system, without permission in written form.

Volume 02 | Issue 01 | March 2026

Southeast Bank
# FinSight

# contents


০৩
সাউথইস্ট ব্যাংক পিএলসি'র "বার্ষিক ব্যবসায়িক সম্মেলন ২০২৬" অনুষ্ঠিত



০৭
Southeast Bank PLC. wins "J.P. Morgan's Award"

০৯
সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর **ক্রেডিট অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশনের ডকুমেন্টেশন** এবং লিমিট লোডিং কার্যাবলীর কেন্দ্রীকরণ ও অটোমেশনে মাইলফলক অর্জন

১০
সাউথইস্ট ব্যাংক পিএলসি. কর্তৃক **'মানি লন্ডারিং এবং সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধে নিয়ন্ত্রক কাঠামো'**-শীর্ষক সচেতনতামূলক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন

১২
সাউথইস্ট ব্যাংক পিএলসি. ও নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, রাজশাহী এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

১১
সাউথইস্ট ব্যাংক পিএলসি. ও বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

১৪
সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর **বার্ষিক এজেন্ট ব্যাংকিং** সম্মেলন ২০২৬



১৬
**Government Patronization for CMSME Development in Bangladesh**
**Dr. Md. Mosharref Hossain**
Associate Professor
Bangladesh Institute of Bank Management (BIBM)

২১
সাউথইস্ট ব্যাংক পিএলসি. এবং নর্থ সাউথ ইউনিভার্সিটি **ভিসা কো-ব্র্যান্ডেড ক্রেডিট ও প্রিপেইড কার্ড** উদ্বোধন করেছে



১৮
**A Bond Beyond Time: My Journey with Southeast Bank PLC.**
**Sheehab Quadir**
Managing Director
Everbright Sweater Limited



১৯
**A Journey of Growth and Partnership**
**Md. Mamun Zubery**
**Chairman,** Ocean Sweater Industries Pvt. Limited



২০
সাউথইস্ট ব্যাংক পিএলসি.
**আমার আস্থার নাম**
**মুনিরা ইয়াসমিন**
কর্মকর্তা, ট্রাভেল এজেন্সি

২২
**নারীদের অর্জন,** দৃঢ়তা ও অবদানকে স্বীকৃতি জানিয়ে সাউথইস্ট ব্যাংক এর **আন্তর্জাতিক নারী দিবস** উদযাপন

২৩
সাউথইস্ট ব্যাংক এবং আমি
**ফারহানা খান**
সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, শাখা প্রধান, মহাখালী শাখা

# সাউথইস্ট ব্যাংক পিএলসি'র "বার্ষিক ব্যবসায়িক সম্মেলন ২০২৬" অনুষ্ঠিত




২৪ জানুয়ারি ২০২৬ তারিখে, সাউথইস্ট ব্যাংক পিএলসি'র "বার্ষিক ব্যবসায়িক সম্মেলন ২০২৬" অনুষ্ঠিত হয়েছে। এই সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংক পিএলসি'র চেয়ারম্যান জনাব এম. এ. কাশেম। সম্মেলনে সভাপতিত্ব করেন সাউথইস্ট ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মো. খালিদ মাহমুদ খান।

সাউথইস্ট ব্যাংক পিএলসি'র ভাইস চেয়ারপারসন মিসেস রেহানা রহমান এবং পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ যথাক্রমে মিসেস জোসনা আরা কাশেম, মিসেস দুলুমা আহমেদ, জনাব নাসির উদ্দিন আহমেদ, ইঞ্জিনিয়ার খন্দকার বদরুল হাসান, মিস নুর নাহার তারিন এবং জনাব মোঃ রফিকুল ইসলাম (এশিয়া ইন্স্যুরেন্স পিএলসি কর্তৃক মনোনীত প্রতিনিধি) সম্মেলনে অংশগ্রহণ করেন।





এছাড়াও অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালকদ্বয়, উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, প্রধান কার্যালয়ের ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, শাখা ব্যবস্থাপকবৃন্দ, বিভিন্ন শাখার ম্যানেজার অপারেশনবৃন্দ সহ সংশ্লিষ্ট শাখার ডিপার্টমেন্টাল প্রধানগণ, উপশাখা প্রধানগণ এবং অফশোর ব্যাংকিং ইউনিট সমূহের প্রধানগণ উপস্থিত ছিলেন। সম্মেলনে ব্যাংকের ২০২৫ সালের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করা হয় এবং এ বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। পাশাপাশি ২০২৬ সালের জন্য সুসংগঠিত কৌশলগত ব্যবসায়িক নীতি প্রণয়ন ও পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। অংশগ্রহণকারীরা সম্ভাবনাময় প্রবৃদ্ধির ক্ষেত্রসমূহ চিহ্নিত করেন এবং ব্যাংকের অগ্রযাত্রা আরও এগিয়ে নিতে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

সর্বোপরি, ভবিষ্যতের লক্ষ্য অর্জনের আশাবাদ এবং দৃঢ় প্রত্যয় প্রকাশ করে সম্মেলনটি সমাপ্ত হয়।














ANNUAL BUSINESS CONFERENCE
CHAIRMAN'S Award 2026
ANNUAL BUSINESS CONFERENCE 2026
Pay To CREDIT ADMINISTRATION DIVISION
The Sum of Taka THREE LAC ONLY
BDT 300,000.00


MD's Award








# দেশে সর্বপ্রথম ভিসা স্টুডেন্ট ক্রেডিট কার্ড উদ্বোধন করে সাউথইস্ট ব্যাংক পিএলসি.




**ঢাকা, ৪ মার্চ ২০২৬: সাউথইস্ট ব্যাংক পিএলসি. দেশের প্রথম ভিসা স্টুডেন্ট ক্রেডিট কার্ড আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেছে। বুধবার শেরাটন ঢাকা-এ আয়োজিত জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানে এই কার্ডের উদ্বোধন করা হয়। এ উদ্যোগ দেশের কার্ড শিল্পে এক গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে এবং যুবসমাজের ক্ষমতায়ন, আর্থিক অন্তর্ভুক্তি এবং দায়িত্বশীল ঋণ সংস্কৃতি গড়ে তোলার ক্ষেত্রে ব্যাংকের কৌশলগত অঙ্গীকারকে প্রতিফলিত করে।**

ভিসা স্টুডেন্ট ক্রেডিট কার্ডটি স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের যোগ্য শিক্ষার্থীদের জন্য বিশেষভাবে প্রণয়ন করা হয়েছে। পিতামাতা/অভিভাবকের গ্যারান্টির মাধ্যমে কার্ডটি ঝুঁকি ব্যবস্থাপনায় সুরক্ষিত কাঠামো নিশ্চিত করে। নিয়ন্ত্রিত ও নিরাপদ ক্রেডিট সুবিধার মাধ্যমে শিক্ষার্থীদের শিক্ষা, ডিজিটাল এবং দৈনন্দিন জীবনযাত্রার ব্যয় ম্যানেজ করতে সহায়তা করা এবং অল্প বয়স থেকেই দায়িত্বশীল আর্থিক আচরণ গড়ে তোলা এই কার্ডের মূল উদ্দেশ্য।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ জাকির হোসাইন চৌধুরী, মাননীয় ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক, এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এম. এ. কাশেম, চেয়ারম্যান, সাউথইস্ট ব্যাংক পিএলসি। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আজিজ আল কায়সার, চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ, নর্থ সাউথ ইউনিভার্সিটি এবং জনাব সাব্বির আহমেদ খান, কান্ট্রি ম্যানেজার, ভিসা ইন্টারন্যাশনাল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ খালিদ মাহমুদ খান, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, সাউথইস্ট ব্যাংক পিএলসি.।

উদ্বোধনী অনুষ্ঠানে নর্থ সাউথ ইউনিভার্সিটি, আশা ইউনিভার্সিটি বাংলাদেশ, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং অন্যান্য স্বনামধন্য বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। এছাড়াও অনুষ্ঠানে অংশগ্রহণ করেন ভিসা ইন্টারন্যাশনালের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ এবং সাউথইস্ট ব্যাংক পিএলসি'র অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালকদ্বয়, উপ ব্যবস্থাপনা পরিচালক এবং ঊর্ধ্বতন নির্বাহী কর্মকর্তাগণ।

নেতৃত্ব তৈরিতে বিশ্বাসী এবং তরুণদের জন্য দায়িত্বশীল ও কাঠামোবদ্ধ আর্থিক সুবিধা নিশ্চিত করা প্রয়োজন।

জনাব মোঃ খালিদ মাহমুদ খান, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, সাউথইস্ট ব্যাংক পিএলসি. সকল অতিথি,

সম্মানিত অতিথি জনাব আজিজ আল কায়সার একাডেমিয়া ও ব্যাংকিং খাতের মধ্যে সহযোগিতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, শিক্ষার্থী-কেন্দ্রিক আর্থিক পণ্য যেমন স্টুডেন্ট ক্রেডিট কার্ড আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি, দায়িত্বশীল আর্থিক অভ্যাস তৈরি এবং শিক্ষার্থীদের শিক্ষাগত ও ব্যক্তিগত ব্যয় পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ভিসা স্টুডেন্ট ক্রেডিট কার্ডে রয়েছে নিয়ন্ত্রিত
















প্রধান অতিথি জনাব মোঃ জাকির হোসাইন চৌধুরী শিক্ষার্থীদের জন্য সুরক্ষিত ও সুসংগঠিত স্টুডেন্ট ক্রেডিট কার্ড চালুর জন্য ব্যাংককে অভিনন্দন জানান। তিনি তরুণ প্রজন্মের মধ্যে আর্থিক সাক্ষরতা ও দায়িত্বশীল ঋণগ্রহণের গুরুত্ব তুলে ধরেন এবং বলেন, এ ধরনের উদ্যোগ দেশের আর্থিক খাতকে আরও শক্তিশালী করবে। একই সঙ্গে তিনি যথাযথ কমপ্লায়েন্স ও ঝুঁকি ব্যবস্থাপনা নিশ্চিত করার গুরুত্বও উল্লেখ করেন।

বিশেষ অতিথি জনাব এম. এ. কাশেম তাঁর বক্তব্যে দেশের প্রথম স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রবর্তনকে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, ব্যাংক ভবিষ্যৎ

বিশিষ্ট ব্যক্তিত্ব এবং উপস্থিত দর্শকদের আন্তরিকভাবে স্বাগত জানান। তিনি বলেন, দেশের প্রথম ভিসা স্টুডেন্ট ক্রেডিট কার্ড শিক্ষার্থীদের দায়িত্বশীল আর্থিক ব্যবহার নিশ্চিত করার জন্য নিরাপদ কাঠামো, নিয়ন্ত্রিত ক্রেডিট সীমা এবং শক্তিশালী ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে ডিজাইন করা হয়েছে। এছাড়াও তিনি ব্যাংকের উদ্ভাবনী শক্তি ও যুবসমাজকে ক্ষমতায়ন করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

ক্রেডিট সীমা, শিক্ষার্থী ও অভিভাবকের জন্য দ্বৈত লেনদেন সতর্কবার্তা, উচ্চ ঝুঁকিপূর্ণ লেনদেন সীমাবদ্ধতা এবং পূর্ণ ডিজিটাল ব্যাংকিং সুবিধা। এটি বাংলাদেশ ব্যাংকের নির্দেশিকা অনুসারে তৈরি করা হয়েছে, যাতে শক্তিশালী ঝুঁকি নিয়ন্ত্রণ ও দায়িত্বশীল ঋণ ব্যবস্থাপনা নিশ্চিত হয়। অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে কার্ড উন্মোচন করা হয় এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের নির্বাচিত শিক্ষার্থীদের হাতে কার্ড তুলে দেওয়া হয়, যা যুবকেন্দ্রিক ব্যাংকিং কার্যক্রমের নতুন অধ্যায়ের সূচনা করে। এই উদ্যোগের মাধ্যমে সাউথইস্ট ব্যাংক পিএলসি. পুনরায় প্রমাণ করেছে যে, তারা একটি অগ্রগামী ও গ্রাহককেন্দ্রিক আর্থিক প্রতিষ্ঠান, যা ডিজিটালি সক্ষম এবং আর্থিকভাবে অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশ গঠনে প্রতিশ্রুতিবদ্ধ।




# Southeast Bank PLC. **wins** **"J.P. Morgan's** Award"

## Southeast Bank PLC. wins "The 2025 U.S. Dollar Clearing Elite Quality Recognition Award for Outstanding Achievement of Best-in-Class" of J.P. Morgan Chase Bank, N.A., the largest bank in the United States.

The ceremony was graced by the Chairman of Southeast Bank PLC., Mr. M. A. Kashem as Chief Guest.

Mr. Md. Khalid Mahmood Khan, Managing Director and CEO, Additional Managing Directors, Deputy Managing Directors, Divisional Heads, and other senior officials of the bank, also attended the program.
Mr. M. A. Kashem, Chairman of Southeast Bank PLC. received the Award from Mr. Sazzad Anam, Executive Director and Head of Financial Institutions, Treasury Service of J.P. Morgan Chase Bank N.A, Bangladesh Representative Office.
Southeast Bank PLC. exceeded J.P. Morgan's stringent Straight Through Processing (STP) performance standard by maintaining 99.71% STP in MT103 transaction processing. In appreciation of that performance, J.P. Morgan awarded Southeast Bank PLC.



# সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর ক্রেডিট অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশনের ডকুমেন্টেশন এবং লিমিট লোডিং কার্যাবলীর কেন্দ্রীকরণ ও অটোমেশনে মাইলফলক অর্জন




সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর ক্রেডিট অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন ডকুমেন্ট ভেরিফিকেশন, ভ্যালুয়েশন এবং লিমিট লোডিং ফাংশন সম্পূর্ণ অটোমেশনের পাশাপাশি এর পূর্ণাঙ্গ কেন্দ্রীকরণ সফলভাবে সম্পন্ন করা উপলক্ষ্যে গত ২৮শে জানুয়ারি, ২০২৬ তারিখে একটি অনুষ্ঠানের আয়োজন করে। এই কৌশলগত পদক্ষেপটি ব্যাংকের কর্মদক্ষতাকে উল্লেখযোগ্যভাবে উন্নত করেছে এবং কমপ্লায়েন্সের পাশাপাশি টেকসই ও পরিবেশগতভাবে দায়িত্বশীল ব্যাংকিং অনুশীলনের প্রতি ব্যাংকের প্রতিশ্রুতিকে আরও জোরদার করেছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর প্রতিষ্ঠাতা ও বর্তমান চেয়ারম্যান জনাব এম. এ. কাশেম। এছাড়া ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ খালিদ মাহমুদ খান, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালকগণ, উপ-ব্যবস্থাপনা পরিচালকগণ, বিভাগীয় প্রধানগণ এবং সকল শাখা ব্যবস্থাপকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান চলাকালীন, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং বিভাগীয় প্রধান জনাব কামরুল ইসলাম ক্রেডিট অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন এর ২০২৫ সালের অর্জনগুলো তুলে ধরেন। সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ও বিভাগীয় উপ-প্রধান জনাব খায়রুল আনাম মহিউদ্দিন, সিএসএ, সিএফএফপি তার উদ্বোধনী বক্তব্যে অটোমেশন এবং কেন্দ্রীকরণের লক্ষ্য অর্জনে জড়িত কৌশলগত পরিকল্পনা ও বাস্তবায়নের বিস্তারিত বিবরণ দেন। তিনি কাগজের অপচয় দূরীকরণ এবং ডিজিটাল যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের অভ্যন্তরীণ কার্বন ফুটপ্রিন্ট হ্রাসে এই পদক্ষেপগুলির ভূমিকার ওপর জোর দেন।

ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা এবং অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালকগণ উপস্থিত কর্মকর্তাদের ভবিষ্যৎ অগ্রগতির জন্য কৌশলগত নির্দেশনা প্রদান করেন, যার মধ্যে গ্রীন ব্যাংকিং ইনিশিয়েটিভ-এ ব্যাংকের নেতৃত্বস্থানীয় অবস্থান অর্জনের দৃঢ় প্রতিশ্রুতির বিষয়টিও ছিল। তারা ব্যাংকিং সেক্টরে একটি চমৎকার মানদন্ড স্থাপনের জন্য ক্রেডিট অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন এর প্রশংসাও করেন।

সমাপনী বক্তব্যে ব্যাংকের চেয়ারম্যান জনাব এম. এ. কাশেম সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর পরিষেবা এবং কমপ্লায়েন্সের মান উন্নীত করার বিষয়ে তার দৃষ্টিভঙ্গি ব্যক্ত করেন, যা পরিবেশ সচেতনতা, ঝুঁকি ব্যবস্থাপনা এবং কমপ্লায়েন্সকে তার মূল কার্যক্রমে একীভূতকারী একটি অগ্রগামী ব্যাংকিং প্রতিষ্ঠান হিসেবে অবস্থান অর্জন করবে।

অনুষ্ঠানটি সফলভাবে শেষ হয় এবং ভবিষ্যতের সাংগঠনিক লক্ষ্য অর্জনে এবং আরও টেকসই অর্থনীতিতে অবদান রাখতে এই নতুন সক্ষমতাগুলিকে কাজে লাগানোর প্রতি বিভাগের অঙ্গীকার পুনর্ব্যক্ত করা হয়।




# সাউথইস্ট ব্যাংক পিএলসি. বিশেষ সিএসআর তহবিলের আওতায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে কৃষি গবেষণা খাতে আর্থিক সহায়তা প্রদান করলো

সাউথইস্ট ব্যাংক পিএলসি. কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বিশেষ সিএসআর তহবিলের আওতায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে কৃষি গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য বিশেষ আর্থিক সহায়তা প্রদান করেছে।

এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর চেয়ারম্যান এম. এ. কাশেম নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল -এর হাতে আর্থিক সহায়তার চেক হস্তান্তর করেন।

এই আর্থিক সহায়তা সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে দেশের কৃষি গবেষণা ও জাতীয় কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার সাউথইস্ট ব্যাংকের প্রতিশ্রুতির ধারাবাহিক প্রতিফলন।

অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।



# সাউথইস্ট ব্যাংক পিএলসি. কর্তৃক 'মানি লন্ডারিং এবং সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধে নিয়ন্ত্রক কাঠামো'-শীর্ষক সচেতনতামূলক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন

সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর ট্রেনিং ইনস্টিটিউটে "মানি লন্ডারিং এবং সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধে নিয়ন্ত্রক কাঠামো" (Regulatory Framework for Prevention of Money Laundering and Terrorist Financing) শীর্ষক একটি সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করে। এই কর্মসূচির মূল লক্ষ্য ছিল পেশাগত দক্ষতা বৃদ্ধি করা এবং মানি লন্ডারিং (AML) ও সন্ত্রাসী অর্থায়ন প্রতিরোধে (CFT) কঠোর পরিপালন নিশ্চিত করা।

অত্র প্রোগ্রামে সাউথইস্ট ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক এবং চিফ অ্যান্টি মানি লন্ডারিং কমপ্লায়েন্স অফিসার (ঈঅগখঈঙ) জনাব আবিদুর রহমান চৌধুরী অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন। এছাড়া, ব্যাংকের সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও ডেপুটি চিফ অ্যান্টি-মানি লন্ডারিং কমপ্লায়েন্স অফিসার (উঈঅগখঈঙ) জনাব খোরশেদ আলম চৌধুরীও এতে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন সায়মা বানু, ইভিপি, হেড অব ট্রেনিং ইনস্টিটিউট। বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি (ইইঞঅ)-এর পরিচালক ড. মোঃ রায়হানুল ইসলাম এবং অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মাসুদ রানা এতে বিশেষজ্ঞ বক্তা হিসেবে সেশন পরিচালনা করেন। প্রধান কার্যালয় ও বিভিন্ন শাখার মোট ৬৪ জন কর্মকর্তা এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

# সাউথইস্ট ব্যাংক পিএলসি. ও বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




সম্প্রতি সাউথইস্ট ব্যাংক পিএলসি. ঢাকায় ব্যাংকের প্রধান কার্যালয়ে বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজের সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। এই সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে টোটাল এডুকেশন ম্যানেজমেন্ট সলিউশন "সাউথইস্ট এডুফিন" - একটি উন্নত শিক্ষা ব্যবস্থাপনা ব্যবস্থা (ইএমএস) প্রদান করা হয়েছে যা একটি উদ্ভাবনী এবং দক্ষ পেমেন্ট ইকোসিস্টেমের মাধ্যমে টিউশন ফি সংগ্রহ ও স্কুল ব্যাংকিংকে সহজতর করবে। এই সহযোগিতার লক্ষ্য প্রতিষ্ঠান, শিক্ষার্থী এবং অভিভাবক উভয়ের জন্য আর্থিক সুবিধা বৃদ্ধি করা।

সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খালিদ মাহমুদ খান এবং বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ডঃ মোঃ মশিউর রহমান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এ ছাড়া সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ রাশেদুল আমিন এবং মোঃ সেকান্দার-ই-আজম সহ উভয় প্রতিষ্ঠানের উচ্চপদস্থ কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সাউথইস্ট ব্যাংক পিএলসি. এই সমঝোতা স্মারকের আওতায় বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজকে বিভিন্ন আর্থিক সমাধান প্রদান করবে। এর মধ্যে রয়েছে "সাউথইস্ট এডুফিন" একটি সমন্বিত শিক্ষা ব্যবস্থাপনা প্ল্যাটফর্ম, যেখানে ফি ব্যবস্থাপনা, উপস্থিতি ট্র্যাকিং, ফলাফল/গ্রেড ব্যবস্থাপনা, বেতন ব্যবস্থাপনা এবং শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের জন্য যোগাযোগমূলক টুলসসহ বিভিন্ন সুবিধা অন্তর্ভুক্ত থাকবে।

সাউথইস্ট ব্যাংকের যে কোনো শাখা ও উপশাখা, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল অ্যাপস, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) এবং অন্যান্য সমন্বিত প্ল্যাটফর্মের মাধ্যমে টিউশন ফি পরিশোধ করা যাবে। এছাড়াও ব্যাংকের স্কুল ব্যাংকিং উদ্যোগ "তারকা" এর আওতায় শিক্ষার্থীদের জন্য সঞ্চয়ী হিসাব সুবিধা প্রদান করবে, যেখানে স্বল্প জমার শর্ত, কোনো রক্ষণাবেক্ষণ ফি নেই এবং আকর্ষণীয় সুদের হার রয়েছে- যার মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে আর্থিক সচেতনতা ও সঞ্চয় অভ্যাস গড়ে তোলা হবে।

এই উদ্যোগটি সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর তরুণ প্রজন্মকে ক্ষমতায়ন, আর্থিক সাক্ষরতা বৃদ্ধি এবং উদ্ভাবনী সমাধান ও অন্তর্ভুক্তিমূলক কার্যক্রমের মাধ্যমে আগামী প্রজন্মের কাছে ব্যাংকিং সেবার পরিধি বিস্তারে তাদের অব্যাহত অঙ্গীকারকে প্রতিফলিত করে।

# সাউথইস্ট ব্যাংক পিএলসি. ও নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, রাজশাহীর এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




সম্প্রতি সাউথইস্ট ব্যাংক পিএলসি. ও নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, রাজশাহীর সঙ্গে ব্যাংকের প্রধান কার্যালয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। এই সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরের মাধ্যমে টোটাল এডুকেশন ম্যানেজমেন্ট সলিউশন "সাউথইস্টএডুফিন"- একটি উন্নত শিক্ষা ব্যবস্থাপনা ব্যবস্থা (ইএমএস) প্রদান করা হয়েছে যা একটি উদ্ভাবনী এবং দক্ষ পেমেন্ট ইকোসিস্টেমের মাধ্যমে টিউশন ফি সংগ্রহ ও স্কুল ব্যাংকিংকে সহজতর করবে। এই সহযোগিতার লক্ষ্য প্রতিষ্ঠান, শিক্ষার্থী এবং অভিভাবক উভয়ের জন্য আর্থিক সুবিধা বৃদ্ধি করা।

অনুষ্ঠানে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংক পিএলসির. ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. খালিদ মাহমুদ খান এবং নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য ডঃ এম সায়েদুর রহমান, এছাড়াও সাউথইস্ট ব্যাংক পিএলসির. অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব আবিদুর রহমান চৌধুরী, মোঃ মাহবুব আলম, উপব্যবস্থাপনা পরিচালক জনাব মোহাম্মদ রাশেদুল আমিন, জনাব মাসুম উদ্দিন খান ও জনাব মো. সেকান্দার-ই-আজম সহ উভয় প্রতিষ্ঠানের অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় সাউথইস্ট ব্যাংক পিএলসি. নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিকে বিভিন্ন আর্থিক সমাধান প্রদান করবে। এর মধ্যে রয়েছে "সাউথইস্টএডুফিন" একটি সমন্বিত শিক্ষা ব্যবস্থাপনা প্লাটফর্ম, যেখানে ফি ব্যবস্থাপনা, উপস্থিতি ট্র্যাকিং, ফলাফল/গ্রেড ব্যবস্থাপনা, বেতন ব্যবস্থাপনা এবং শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের জন্য যোগাযোগমূলক টুলসসহ বিভিন্ন সুবিধা অন্তর্ভুক্ত থাকবে।

টিউশন ফি পরিশোধ করা যাবে একাধিক সুবিধাজনক মাধ্যমে, যেমন সাউথইস্ট ব্যাংকের শাখা ও উপশাখা, ইন্টারনেট ব্যাংকিং, মোবাইল অ্যাপস, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) এবং অন্যান্য সমন্বিত প্লাটফর্মের মাধ্যমে। এছাড়াও ব্যাংকের স্কুল ব্যাংকিং উদ্যোগ "তারকা" এর আওতায় শিক্ষার্থীদের জন্য সঞ্চয়ী হিসাব সুবিধা প্রদান করবে, যেখানে স্বল্প জমার শর্ত, কোনো রক্ষণাবেক্ষণ ফি নেই এবং আকর্ষণীয় সুদের হার রয়েছে যার মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে আর্থিক সচেতনতা ও সঞ্চয় অভ্যাস গড়ে তোলা হবে।

এই উদ্যোগটি সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর তরুণ প্রজন্মকে ক্ষমতায়ন, আর্থিক সাক্ষরতা বৃদ্ধি এবং উদ্ভাবনী সমাধান ও অন্তর্ভুক্তিমূলক কার্যক্রমের মাধ্যমে আগামী প্রজন্মের কাছে ব্যাংকিং সেবার পরিধি বিস্তারে তাদের অব্যাহত অঙ্গীকারকে প্রতিফলিত করে।





# কুয়ালালামপুরে সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর উদ্যোগে রেমিট্যান্স প্রেরণকারীদের সভা অনুষ্ঠিত

০৮ ফেব্রুয়ারি ২০২৬ রবিবার কুয়ালালামপুরের বুকিত বিন্তাং-এ সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর উদ্যোগে প্রবাসী রেমিট্যান্স প্রেরণকারীদের নিয়ে একটি বিশেষ সভা সফলভাবে সম্পন্ন হয়েছে। কুয়ালালামপুরের ৩ নং জালান আনসোকা (পিঠা ঘর)-এ সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। একটি 'দূরদর্শী ব্যাংক' হিসেবে পরিচিত সাউথইস্ট ব্যাংক পিএলসি. প্রবাসীদের কষ্টার্জিত অর্থ বৈধ পথে দেশে পাঠানোর গুরুত্ব এবং ব্যাংকিং সেবার সুবিধাগুলো তুলে ধরার লক্ষ্যেই এই সভার আয়োজন করে। প্রবাসীদের দেশের অর্থনীতির মূল চালিকাশক্তি হিসেবে সাউথইস্ট ব্যাংকের দ্রুত ও নিরাপদ রেমিট্যান্স সেবা ব্যবহারের জন্য প্রবাসীদের উৎসাহিত করা হয়। প্রবাসীরাও ব্যাংকের এই উদ্যোগকে সাধুবাদ জানান এবং ব্যাংকিং সংক্রান্ত বিভিন্ন বিষয়ে তাদের মতামত বিনিময় করেন। উলেখ্য যে, সাউথইস্ট ব্যাংক দীর্ঘদিন ধরে তার গ্রাহকদের জন্য অত্যাধুনিক এবং বিশ্বস্ত ব্যাংকিং সেবা প্রদান করে আসছে। প্রবাসীদের জন্য ব্যাংকিং সেবা আরও সহজলভ্য করতে ব্যাংকটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

# আন্ত:ব্যাংক ফুটবল প্রতিযোগিতায় সাউথইস্ট ব্যাংকের ফুটবল টিম সফলতার স্বাক্ষর রেখেছে









## মান্নান বেপারী এফসিএমএ, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এন্ড সিএফও, দি ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস অব বাংলাদেশ এর ঢাকা ব্রাঞ্চ কাউন্সিলের ২০২৬ সালের জন্য চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন

দি ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস অব বাংলাদেশ এর ঢাকা ব্রাঞ্চ কাউন্সিলের ২০২৬ সালের জন্য মান্নান বেপারী এফসিএমএ-কে, গত ১৪ ফেব্রুয়ারি ঢাকা ব্রাঞ্চ কাউন্সিলের এক সভায় চেয়ারম্যান নির্বাচিত করা হয়। তিনি ২০২১ সালে ডিবিসির ট্রেজারার, ২০২৩ সালে সেক্রেটারি এবং ২০২৪ সালে ভাইস-চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেছেন।

# সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর বার্ষিক এজেন্ট ব্যাংকিং সম্মেলন ২০২৬






## বার্ষিক এজেন্ট ব্যাংকিং সম্মেলন ২০২৬- ঢাকা জোন

সম্প্রতি সাউথইস্ট ব্যাংক পিএলসি. সফলভাবে তাদের "বার্ষিক এজেন্ট ব্যাংকিং সম্মেলন ২০২৬" আয়োজন করেছে। উক্ত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর চেয়ারম্যান জনাব এম. এ. কাশেম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খালিদ মাহমুদ খান। সম্মেলনে সাউথইস্ট ব্যাংকের ঢাকা জোনের সকল এজেন্ট ব্যাংকিং আউটলেটের ৮৪ জন এজেন্ট পার্টনার অংশগ্রহণ করেন। এছাড়া ব্যাংকের প্রধান কার্যালয়ের ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ এবং সংশ্লিষ্ট শাখা প্রধানগণ (Heads of Tagged Branches) উপস্থিত ছিলেন, যা এই আয়োজনকে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের একটি গুরুত্বপূর্ণ প্লাটফর্মে পরিণত করে। এছাড়া ঢাকা জোনের পাশাপাশি খুলনা এবং চট্টগ্রাম জোনেও "বার্ষিক এজেন্ট ব্যাংকিং সম্মেলন ২০২৬" অনুষ্ঠিত হয়।














## বার্ষিক এজেন্ট ব্যাংকিং সম্মেলন ২০২৬- চট্টগ্রাম জোন

সম্মেলনে ২০২৫ সালের এজেন্ট ব্যাংকিং বিভাগের সামগ্রিক অগ্রগতির বিশদ পর্যালোচনা করা হয় এবং ২০২৬ সালের ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিভিন্ন নীতিমালা ও কৌশল নিয়ে আলোচনা করা হয়।

## বার্ষিক এজেন্ট ব্যাংকিং সম্মেলন ২০২৬- খুলনা জোন

উল্লেখ্য, সাউথইস্ট ব্যাংক ২০২১ সালের ৭ মার্চ এজেন্ট ব্যাংকিং “স্বাগতম” চালু করে। এর মূল লক্ষ্য হলো ব্যাংকিং সুবিধার বাইরে থাকা জনগোষ্ঠী, বিশেষ করে ক্ষুদ্র উদ্যোক্তা, স্কুল ব্যাংকিং এবং কৃষকদের ব্যাংকিং সেবার আওতায় আনা এবং সারাদেশে আর্থিক অন্তর্ভুক্তির ধারা অব্যাহত রাখা। সাউথইস্ট ব্যাংক এজেন্ট ব্যাংকিং “স্বাগতম” এর মাধ্যমে ইসলামি ‘তিজারাহ’ এবং প্রচলিত (কনভেনশনাল) উভয় পদ্ধতিতে আধুনিক ও প্রযুক্তিভিত্তিক ব্যাংকিং সেবা প্রদান করে আসছে।

গ্রাহকরা সাউথইস্ট ব্যাংক এজেন্ট ব্যাংকিং “স্বাগতম” থেকে নানা ধরণের সুযোগ-সুবিধা পাচ্ছেন। এর মধ্যে রয়েছে হিসাব খোলা (সেভিংস/কারেন্ট), নগদ অর্থ জমা ও উত্তোলন, যেকোনো ব্যাংকের হিসাবে অর্থ স্থানান্তর (BEFTN ও RTGS-এর মাধ্যমে), বৈদেশিক রেমিট্যান্স গ্রহণ, চেক বই, ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড প্রসেসিং, ক্ষুদ্র, মাঝারি ও কৃষি ঋণ, ইউটিলিটি বিল পরিশোধ, ঋণের কিস্তি জমা, সরকারি ভাতা গ্রহণ, রেগুলার কাস্টমার লোন এবং ইন্টারনেট ব্যাংকিং সেবা। এছাড়া গ্রাহকরা এজেন্ট আউটলেটে স্থাপিত রিসাইক্লার এটিএম-এর মাধ্যমে ২৪ ঘণ্টা প্রয়োজনীয় ব্যাংকিং সেবা গ্রহণ করতে পারবেন।



# Government Patronization for CMSME Development in Bangladesh



**Dr. Md. Mosharref Hossain**
**Associate Professor**
**Bangladesh Institute of Bank Management (BIBM)**

Cottage, Micro and Small Enterprises (CMSEs) are the foundations of economic development, job creation and for innovation (Srivastava, 2020). In both developed and developing countries, this sector supports industrial development, reducing regional discrepancies and backward linkage support for larger organizations (Manna and Mistri, 2017). In the Asia-Pacific region, MSMEs account for more than 90 per cent of all enterprises and almost the major source of incomes and employment (ADB, 2020). According to Bangladesh Bureau of Statistics [BBS] (2015), of all registered firms, 11 per cent, 88 per cent, 0.7 per cent, and 0.5 per cent in Bangladesh are micro-, small-, medium-, and large-sized, respectively. The CMSME sector contributes around 25 per cent to the GDP, accounting for 70 to 80 per cent of the non-agricultural sector employment and 40 per cent of the manufacturing output (LightCastle Partners, 2020a).

According to the Bangladesh Bureau of Statistics, the majority of business establishments in the country fall under the micro and small enterprise category. These enterprises are widely dispersed across the country and operate in diverse sectors such as manufacturing, trading, services, and agro-based industries. Furthermore, CMSMEs often serve as a breeding ground for innovation and entrepreneurship. Many large industries begin as small enterprises and gradually expand over time. Thus, strengthening the CMSME sector can contribute to industrial diversification and long-term economic resilience.

Despite their importance, CMSMEs in Bangladesh face several constraints that hinder their growth and sustainability. One of the most critical challenges is limited access to finance. Many small entrepreneurs lack sufficient collateral, proper documentation, and formal credit histories, which makes it difficult for them to obtain loans from formal financial institutions. Another major challenge is the geographical imbalance in financial services. A large portion of bank loans and financial services are concentrated in urban areas, while rural businesses receive comparatively less attention. Since a significant number of CMSMEs operate in rural and semi-urban areas, this imbalance restricts their growth opportunities. In addition, CMSMEs often suffer from lack of technological advancement, inadequate infrastructure, limited market access, and insufficient managerial skills. Many entrepreneurs are not fully aware of modern production techniques, quality standards, or effective marketing strategies. As a result, their productivity and competitiveness remain relatively low compared to larger enterprises.

Government patronization is critical to address these challenges and foster a conducive environment for CMSME growth. Through policy support, regulatory facilitation, and financial interventions, the government can reduce operational barriers and enhance competitiveness. For instance, start-up finance, soft loans, credit guarantee schemes, and subsidized financing programs provide much-needed liquidity for CMSMEs to invest in technology, expand production, and maintain working capital. The Government of Bangladesh has taken several initiatives to strengthen the CMSME sector. One of the most important key area is policy and regulatory support. Simplifying business registration procedures, reducing bureaucratic complexities, and ensuring a stable policy environment are crucial for SME growth. Tax incentives, subsidies, and reduced compliance costs can encourage entrepreneurs to formalize and expand their businesses. The central bank has introduced several refinance schemes, credit guarantee programs, and policy guidelines to encourage banks and financial institutions to increase lending to CMSMEs.

Another key driver is the Infrastructure development.

Establishing industrial estates, SME Innovation Lab (SIL), Business Incubation Center (BIC), and export processing zones, which create an ecosystem conducive to enterprise growth. Moreover, policy measures to simplify registration, taxation, and licensing reduce compliance burdens and encourage formalization, allowing CMSMEs to access institutional financing and government support more effectively. Patronization in marketing support, participation in trade fairs, and export facilitation further helps CMSMEs integrate into domestic and international value chains. The government can establish SME clusters, industrial parks, and special economic zones through organizations like the Bangladesh Economic Zones Authority. Improved transportation, electricity supply, and digital connectivity will reduce operational costs and increase efficiency.

In addition, capacity building and skill development play a significant role. Many CMSME entrepreneurs lack formal training in business management, accounting, and marketing. Institutions such as SME Foundation Bangladesh provide training, advisory services, and entrepreneurship development programs. However, such services are very limited compare to the actual need all over the country. The more extensive initiatives will help entrepreneurs enhance their managerial, technical, and marketing skills. By providing training, financial support, and policy incentives, the government can promote greater participation of women in entrepreneurship and economic activities. Additionally, technological upgrading is another area where government support is crucial. By facilitating access to modern machinery, digital platforms, and innovation centers, the government can help CMSMEs improve productivity and product quality.

Financial inclusion is closely linked with the development of CMSMEs. When small entrepreneurs have access to formal banking services, they can manage their finances more efficiently, expand their businesses, and contribute more effectively to the economy. Banks and non-bank financial institutions have been encouraged to expand their CMSME financing activities, particularly in rural areas. Digital financial services are also playing an increasingly important role in improving access to finance. Mobile banking, digital payments, and fintech solutions are helping small entrepreneurs conduct transactions more efficiently and reach a wider customer base.

Strengthening institutional coordination and public-private partnerships can also play an important role in developing the CMSME ecosystem. Collaboration between government agencies, financial institutions, business associations, and development organizations can create a more supportive environment for small enterprises. Furthermore, the government can promote market access and export opportunities by supporting SMEs to participate in trade fairs, providing export incentives, and facilitating e-commerce platforms. Special attention should also be given to women entrepreneurs who are producing and drawing attention to the global market.

In conclusion, the CMSME sector is a vital pillar of Bangladesh's economy. With appropriate government support, policy reforms, and institutional collaboration, CMSMEs can significantly contribute to economic growth, employment generation, and poverty reduction.

## Mastercard launches co-branded SME Credit Card with Southeast Bank, SSL Commerz




Mr. Md. Mahbub Alam, Additional Managing Director of Southeast Bank PLC; Syed Mohammad Kamal, country manager for Bangladesh at Mastercard; Pranav Mehta, managing director of PepsiCo Bangladesh; and Mr. Sayeeful Islam, Managing Director of SSL Wireless, jointly inaugurate a co-branded SME credit card in Dhaka.

# A Bond Beyond Time: My Journey with Southeast Bank PLC.

**Sheehab Quadir**
Managing Director
Everbright Sweater Limited (ESL)



**Everbright Sweater Limited (ESL) began its journey in 2006 with a clear vision and unwavering determination. From the very first step, Southeast Bank PLC. has stood beside us as a trusted financial partner — supporting us through our establishment, strengthening us through our growth, celebrating our brightest milestones, and guiding us through more challenging times.**

Today, ESL proudly operates two factory units in Ashulia within our own premises, serving some of the world's most respected global buyers. With a LEED Platinum-certified facility, a strong focus on industrially engineered production systems, collection design support, and rigorous total quality management, we have steadily evolved into a forward-thinking and responsible manufacturing enterprise. This progress has been made possible not only by our team's dedication, but also through the steadfast





partnership and confidence of Southeast Bank over the past two decades.

We remain deeply appreciative of the extraordinary commitment demonstrated by the key members of the Bangshal Branch and Head Office. Their proactive support, responsiveness, and willingness to go above and beyond to resolve challenges reflect a partnership built on trust and shared purpose.

Our relationship with Southeast Bank PLC. is founded on mutual respect, mutual benefit, and mutual growth — united by a common vision to pursue excellence and long-term success, together.

Courtesy:
**Mr. Md. Roushon Ali**
Executive Vice President
HOB-Bangshal Branch

# A Journey of Growth and Partnership



**Md. Mamun Zubery**
**Chairman**
**Ocean Sweater Industries Pvt. Ltd.**

In the dynamic landscape of Bangladesh's export-oriented apparel industry, sustainable growth is built on vision, perseverance, and strong partnerships. For Ocean Sweater Industries Pvt. Ltd., one of the most valuable partnerships in our journey has been with Southeast Bank PLC.

Our relationship with Southeast Bank began in 2014, when Ocean Sweater was a growing enterprise with a strong ambition to contribute to Bangladesh's thriving knitwear sector.

At that stage, we needed not only financial services but also a banking partner that understood the complexities of export-oriented manufacturing and believed in our long-term vision. Over the years, Southeast Bank has proven to be much more than a financial institution. Through efficient banking services, trade finance facilities, and consistent support, the bank has helped us navigate the opportunities and challenges of the global apparel market.





With this strong partnership and the dedicated efforts of our management and workforce, Ocean Sweater Industries Pvt. Ltd. has achieved remarkable growth since 2014. Our export performance has expanded manyfold over the years, reflecting our commitment to quality, reliability, and international standards. As exporters, we take pride in representing Bangladesh in global markets. We remain committed to improving production efficiency, maintaining compliance standards, and strengthening relationships with international buyers.

On behalf of Ocean Sweater Industries Pvt. Ltd., I sincerely thank Southeast Bank PLC. for their continued trust and support. We look forward to strengthening this partnership and achieving greater milestones together in the years ahead.

Courtesy:
**Mr. Md. Roushon Ali**
Executive Vice President
HOB-Bangshal Branch

# সাউথইস্ট ব্যাংক পিএলসি. আমার আস্থার নাম

**মুনিরা ইয়াসমিন**
কর্মকর্তা, ট্রাভেল এজেন্সি

সাউথইস্ট ব্যাংক এর সাথে আমার সম্পর্কই এমন। বর্তমানে আমি এ ব্যাংকের অনন্যা সঞ্চয়ী হিসাব এবং মাসিক সঞ্চয়ী স্কিম এর একজন নিয়মিত গ্রাহক। একজন সন্তুষ্ট গ্রাহক হিসেবে এ ব্যাংক সম্পর্কে যদি আমার বক্তব্য দিতে বলা হয়, তাহলে আমি বলব, **"এটি একটি চাহিবা মাত্র সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান"...**




সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর সাথে আমার পথচলা ২০১০ সাল থেকে। একটি সঞ্চয়ী হিসাব খোলার মাধ্যমে এ ব্যাংক এর সাথে আমার যোগসূত্র তৈরী হয়। তখন আমি জিএমজি এয়ারলাইন্স এ চাকুরীরত ছিলাম। আমার চাকুরীর বেতন থেকে ক্ষুদ্রক্ষুদ্র সঞ্চয় জমা হতে থাকে আমার সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর সঞ্চয়ী হিসাবে। এরপর আস্তে আস্তে সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর সাথে আমার সম্পর্ক আরও বাড়তে থাকে। যখনই ব্যাংক এর কোনো ক্যাম্পেইন আসে, ব্যাংক থেকে আমাকে ফোন করা হয় চলমান ক্যাম্পেইন এর আওতায় কোনো না কোনো হিসাব খোলার জন্য। আসলে এ ব্যাংক এর সাথে আমার সম্পর্কই এমন। বর্তমানে আমি এ ব্যাংক এর অনন্যা সঞ্চয়ী হিসাব এবং মাসিক সঞ্চয়ী স্কিম এর একজন নিয়মিত গ্রাহক। একজন সন্তুষ্ট গ্রাহক হিসেবে এ ব্যাংক সম্পর্কে যদি আমার বক্তব্য দিতে বলা হয়, তাহলে আমি বলব, "এটি একটি চাহিবা মাত্র সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান"। উদাহারণ হিসেবে আমি দুইটি ঘটনা বলব যা এ ব্যাংক সম্পর্কে আমার ধারণা আরও উঁচুতে তুলে দিয়েছে। ঘটনা ১, আমার ইমার্জেন্সী ফান্ড দরকার ছিল। আমাকে মাত্র পনেরো মিনিটের মধ্যে এক্সপ্রেস ক্যাশ এর আওতায় ঋণ সুবিধা দিয়ে আমাকে এ ব্যাংক থেকে সেবা প্রদান করা হয়। ঘটনা ২, আমার ব্যাংক এর এটিএম বুথ থেকে টাকা তোলার প্রয়োজন ছিল। টাকা তোলার পর আমার মনে হয় আমার ডেবিট কার্ড বুথের ভিতরে রয়ে গিয়েছে। আমি ব্রাঞ্চে আমার বিষয়টি খুলে বললে তারা দেরী না করে মেশিন খুলে আমার কার্ডটি বের করার চেষ্টা করেন। কিন্তু কার্ডটি পাওয়া যায় না। আমাকে বলা হয় আমার ব্যাগে একটু খুঁজে দেখতে। আমি আমার ব্যাগ খুলে দেখি কার্ডটি আমার ব্যাগেই আছে। আমি ভুলে গিয়েছি। আমি খুবই লজ্জিত হলাম। কিন্তু তারা আমাকে সসম্মানে যেকোনো সেবার জন্য নির্দ্বিধায় সবসময় বলার জন্য বলেন। সেদিন ব্যাংক এর সেই সেবা আমাকে আজও মোহিত করে তোলে।

বর্তমানে আমি বিই ফ্রেশ নামক এক ট্রাভেল কোম্পানিতে কর্মরত আছি। আমার কর্মস্থল পরিবর্তন হলেও আমার ব্যাংক পরিবর্তন হয়নি। আজও সাউথইস্ট ব্যাংক পিএলসি. আমার প্রিয় ব্যাংক। আমার আস্থার ব্যাংক।

সৌজন্যে: **মিস নাসিব লায়লা**
অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট, আগ্রাবাদ ব্রাঞ্চ

# সাউথইস্ট ব্যাংক পিএলসি. এবং নর্থ সাউথ ইউনিভার্সিটি ভিসা কো-ব্র্যান্ডেড ক্রেডিট ও প্রিপেইড কার্ড উদ্বোধন করেছে




সম্প্রতি সাউথইস্ট ব্যাংক পিএলসি. এবং নর্থ সাউথ ইউনিভার্সিটি যৌথভাবে ভিসা কো-ব্র্যান্ডেড ক্রেডিট ও প্রিপেইড কার্ড আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেছে। এই উপলক্ষে নর্থ সাউথ ইউনিভার্সিটি ক্যাম্পাস, বসুন্ধরা, ঢাকায় এক উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রফেসর ড. আব্দুল হান্নান চৌধুরী, ভাইস চ্যান্সেলর, নর্থ সাউথ ইউনিভার্সিটি; মোঃ আবিদুর রহমান চৌধুরী, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, সাউথইস্ট ব্যাংক পিএলসি. এবং মোঃ সাব্বির আহমেদ, কান্ট্রি ম্যানেজার, ভিসা বাংলাদেশ, নেপাল ও ভুটান।

এই উদ্যোগের অংশ হিসেবে, সাউথইস্ট ব্যাংক, নর্থ সাউথ ইউনিভার্সিটি এর শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ক্রেডিট কার্ড এবং শিক্ষার্থীদের জন্য প্রিপেইড কার্ড চালু করেছে। শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ তাঁদের যোগ্যতার ভিত্তিতে উপযুক্ত ক্রেডিট লিমিটসহ আজীবন বার্ষিক ফি ছাড় সুবিধা পাবেন। অন্যদিকে, নর্থ সাউথ ইউনিভার্সিটি এর শিক্ষার্থীরা প্রথম বছরে বার্ষিক ফি ছাড়ের পাশাপাশি, প্রথম লেনদেনে ৩০০ টাকা ক্যাশব্যাক সুবিধা পাবেন। এসব প্রিপেইড কার্ড দেশি ও আন্তর্জাতিক লেনদেনের জন্য উপযোগী, যার মাধ্যমে বিদেশি বিশ্ববিদ্যালয়ে আবেদন ফি প্রদানসহ বিভিন্ন অনলাইন লেনদেন সহজে করা যাবে। এতে শিক্ষার্থীদের জন্য আর্থিক অন্তর্ভুক্তি এবং ডিজিটাল ব্যাংকিং আরও সহজ হবে। উদ্বোধনী অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তা উপস্থিত ছিলেন। নর্থ সাউথ ইউনিভার্সিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন ড. আহমেদ তাজমীন, রেজিস্ট্রার; এবং প্রফেসর আব্দুর রব খান, ট্রেজারার। সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন মোঃ আব্দুছ সবুর খান, সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও হেড অব কার্ডস; মোঃ কাশেফ রহমান, সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও হেড অব ইনফরমেশন টেকনোলজি ডিভিশন; মোঃ মামুনুর রশিদ, এফসিএস, সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও কোম্পানি সেক্রেটারি, বোর্ড ডিভিশন; এবং সায়মা বানু, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, হেড অব ট্রেনিং ইনস্টিটিউট। ভিসার পক্ষ থেকে উপস্থিত ছিলেন আশীষ চক্রবর্তী, ডিরেক্টর, বিজনেস ডেভেলপমেন্ট, সাউথ এশিয়া।




এই ক্যাম্পেইনটি সাউথইস্ট ব্যাংক পিএলসি. ও নর্থ সাউথ ইউনিভার্সিটির মধ্যে একটি শক্তিশালী অংশীদারিত্বের প্রতিফলন, যা একাডেমিক সম্প্রদায়ের জন্য নিরাপদ, আধুনিক ও সুবিধাজনক ডিজিটাল আর্থিক সেবা প্রসারে অবদান রাখবে।

# নারীদের অর্জন, দৃঢ়তা ও অবদানকে স্বীকৃতি জানিয়ে সাউথইস্ট ব্যাংক এর আন্তর্জাতিক নারী দিবস উদযাপন



প্রতি বছরের ন্যায় এ বছরও আমাদের প্রিয় প্রতিষ্ঠান অত্যন্ত উৎসাহ ও আনন্দঘন পরিবেশে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন করেছে। নারী শক্তির মর্যাদা, অবদান ও সক্ষমতাকে সম্মান জানাতে আয়োজিত এই বিশেষ দিনটি ছিল অনুপ্রেরণা, কৃতজ্ঞতা ও উদ্‌যাপনের এক সুন্দর মিলনমেলা। ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তারা নারী সহকর্মীদের প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। তাঁদের বক্তব্যে উঠে আসে কর্মক্ষেত্রে নারীদের গুরুত্বপূর্ণ ভূমিকা, নেতৃত্বের সক্ষমতা এবং পেশাগত দক্ষতার কথা। ব্যাংকের সার্বিক অগ্রযাত্রায় নারী কর্মীদের নিষ্ঠা, আন্তরিকতা ও সৃজনশীল অবদান যে কতটা মূল্যবান-তা বিশেষভাবে উল্লেখ করা হয়।

আমাদের ব্যাংক সবসময়ই বিশ্বাস করে যে একটি প্রতিষ্ঠান তখনই সত্যিকারের শক্তিশালী হয়, যখন সেখানে নারী ও পুরুষ সমানভাবে কাজ করার সুযোগ পায় এবং পরস্পরের প্রতি সম্মান ও সহযোগিতার পরিবেশ বজায় থাকে। নারী কর্মীদের দক্ষতা, প্রতিভা ও নেতৃত্ব বিকাশে ব্যাংক সর্বদা সহায়ক ভূমিকা পালন করে আসছে এবং ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে। আন্তর্জাতিক নারী দিবসের এই উদ্‌যাপন শুধু একটি আনুষ্ঠানিকতা নয়; এটি আমাদের সবার জন্য একটি স্মরণীয় উপলক্ষ, যা নারীর মর্যাদা, অধিকার এবং সমান সুযোগের গুরুত্বকে নতুন করে স্মরণ করিয়ে দেয়। নারী শক্তির প্রতি সম্মান ও সমতার বার্তা ধারণ করে আমাদের ব্যাংকের এই উদ্যোগ আগামী দিনগুলোতে আরও অন্তর্ভুক্তিমূলক ও সমৃদ্ধ কর্মপরিবেশ গড়ে তুলতে অনুপ্রেরণা যোগাবে।





# সাউথইস্ট ব্যাংক এবং আমি

## ফারহানা খান

**সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, শাখা প্রধান, মহাখালী শাখা**

একটি প্রতিষ্ঠানে (Institution) দীর্ঘদিনের কাজের সম্পৃক্ততা শুধুমাত্র স্থিতিশীলতার বিষয় নয় এটি প্রতিষ্ঠানের মূল্যবোধের প্রতি নিষ্ঠা, আস্থা এবং অঙ্গীকারের প্রতিফলন।

সময়ের সাথে সাথে একজন ব্যাক্তি প্রতিষ্ঠানের প্রতিটি ইস্যু acknowledge করেন, Ownership গড়ে তোলেন, একটি দীর্ঘস্থায়ী সম্পর্ক গড়ে তোলেন এবং সততা ও সুনাম বজায় রেখে প্রতিষ্ঠানের টেকসই উন্নয়নে অবদান রাখেন। এসবই হয় একটি ধারাবাহিকতা বজায় রেখে এবং কাজের সমন্বয়ের মাধ্যমে।

আমি আমার কথা বলছি - আমার পথচলা আমার প্রিয় সাউথইস্ট ব্যাংকের সাথে। শুধু আমি আমার কথা বলতে গেলে ভুল হবে বরং বলি আমার ও আমার প্রিয় সহকর্মীদের কথা যারা কী না সবাই নিষ্ঠার সাথে নিবেদিতপ্রান হয়ে একাগ্রচিত্তে এবং প্রতিশ্রুতি বদ্ধভাবে কাজ করেছেন একই লক্ষ্যে।

একটি সার্কুলার এ ভিত্তিতে যখন ২০০৩ এ অন্য একটি ব্যাংক থেকে সাউথইস্ট ব্যাংকে যোগদান করলাম, ব্যাংকটিতে এসে দেখলাম ২২টি শাখা। প্রিন্সিপাল, গুলশান এবং আগ্রাবাদ শাখা সমুহ বড় শাখা আর অন্য গুলো তুলনা মুলক ভাবে ছোট। আমি যখন এ ব্যাংকের একটি নিয়োগ প্রস্তাব পেয়েছিলাম সাউথইস্ট ব্যাংক এর সম্মানিত বোর্ডে সাক্ষাৎকারের মাধ্যমে। তখন আমার তৎকালিন ম্যানেজার স্যার বললেন - ফারহানা আমাদের ব্যাংক ছেড়ে যাওয়ার ক্ষেত্রে আপনাকে অবশ্যই একজন সৎ ও একনিষ্ঠ সহকর্মী হিসাবে অনেক বেশী স্মরন করবো। তবে, একথা বলতেও দ্বিধা নেই You will get an excellent group of Sponsor Directors যারা প্রত্যেকেই স্বনামধন্য এবং খুব ভালো একটি Board পরিচালনা করছেন। শুনে আমি যারপর নাই আনন্দিত হলাম এবং সব দ্বিধা ঝেড়ে ফেলে দিয়ে প্রথমে প্রধান কার্যালয় ও পরে প্রিন্সিপাল শাখায় যোগদান করলাম। সত্যি বলতে কি আমি দেখলাম প্রতিটি জায়গায় সাদরে সমাদৃত হয়েছি। শুধু তাই নয় নতুন এসেও সাউথইস্ট পরিবারের সাথে মিশে যেতে পেরেছি প্রথম থেকেই।

আমি যখন লিখছি সাউথইস্ট তখন অনেক বড় একটি পরিবার। এখানে মিশে আছে পুরনো ও নতুন সব সহকর্মী ও প্রতিষ্ঠাতা পরিচালকদের অবদান এবং সকলের ঐকান্তিক প্রচেষ্টা। দীর্ঘ এই পথচলায় আমরা অনেক বাধা/ বিঘ্ন পেরিয়েছি আবার একসাথে লক্ষ্য অর্জনে সফল হয়েছি -এই ক্ষেত্রে সফলতা সাউথইস্ট পরিবারেরই। ১৩৭টি শাখা, ২২টি উপশাখা ও ১৫৫টি এজেন্ট ব্যাংকিং শাখা কোন সামান্য বিষয় নয়। আমি আরও বলব এই পথ চলাতে শুধু সৎ প্রচেষ্টা নয় আরও কিছু বিষয় আছে, যেমন সময়ের সাথে সাথে একজন ব্যাক্তি প্রাতিষ্ঠানের প্রতিটি খুটিনাটি বিষয়ে জ্ঞান অর্জন করেন, পরিশ্রম করেন, দীঘস্থায়ী সম্পর্ক গড়ে তোলেন, আস্থা সততা ও সুনাম বজায় রেখে প্রতিষ্ঠানের টেকসই উন্নয়নে অবদান রাখেন। এক্ষেত্রে পেশাগত বিভিন্ন সুবিধা এবং আরও গভীরভাবে বলতে গেলে পেশাগত দর্শন (Professional philosophy Personal code of values and principles) পরিচালিত করে কোন একজনের কাজ, সিদ্ধান্ত ও আচরণকে।

ব্যাংকিং পেশায় পেশাগত দর্শন হলো এমন এক মূল্যবোধ ও নীতিমালার সমষ্টি যা সততা, দায়িত্ববোধ, গ্রাহকসেবা, ঝুঁকি সচেতনতা এবং নিয়ম নীতি মেনে চলার মাধ্যমে ব্যাংকারের কাজ, সিদ্ধান্ত, ও আচরণকে সঠিকভাবে পরিচালিত করে।

**আমার বেলায় এই দীর্ঘ সময়ের কাজ করার ক্ষেত্রে যে প্রশ্ন গুলো সবসময় মনে এসেছে তা হল**

- আমি কেন এই কাজ করছি?
- কি মূল্যবোধ আমি অনুসরন করছি (সততা, দায়িত্ববোধ ও উৎকর্ষ)
- আমি আমার সহকর্মীদের, ব্যাংকের গ্রাহকদের এবং প্রতিষ্ঠানের প্রতি কেমন আচরণ করছি?
- Banking professional হিসাবে আমি নিজেকে কিভাবে দেখতে চাই?

সুন্দর ও সাবলীল ভাবে বলতে গেলে আমি কাজ করছি নিজের জন্য পরিচ্ছন্ন একটি জীবনের তাগিদে যা কীনা ধর্মীয় মূল্যবোধের সাথে সাংঘর্ষিক নয়। আমার প্রতিষ্ঠান সাউথইস্ট ব্যাংকে বিভিন্ন অবস্থানে কাজ করেছি-

- সততা ও নৈতিক আচরনের প্রতি অঙ্গীকারাবদ্ধ হয়ে।
- ধারাবাহিক শেখা ও উন্নতির প্রতি নিবেদিত হয়ে।
- দলগত কাজ ও সহযোগীতার প্রতি সম্মান প্রদর্শন করে।
- স্বল্প মেয়াদী লাভের পরিবর্তে দীর্ঘমেয়াদী অবদানের ওপর গুরুত্ব দিয়ে।

বিগত বছর গুলোতে সাউথইস্ট পরিবারে দীর্ঘদিন কাজ করার মাধ্যমে এটি হয়ে উঠেছে আমার পেশাগত পরিচয়ের অংশ-পরিবারে, সমাজে বিভিন্ন ক্ষেত্রে।
বারবার পরিবর্তনের পরিবর্তে ব্যাংকের দীর্ঘ মেয়াদি উন্নয়ন ও সুনাম গঠনে অবদান রাখায় অংশ নিয়েছি অনেক চড়াই উৎরাই এর মাঝেও। সাউথইস্ট ব্যাংক একটি আস্থা ও Commitment এর জায়গা -সেক্ষেত্রে নতুন নতুন Product ও ডিজিটাল ব্যাংকিং এর সাথে সমন্বয় করে এগোতে হয়েছে অনেক ক্ষেত্রে, সত্যি বলতে কি এর কোন বিকল্প নেই। অভিজ্ঞ সহকর্মীদের পাশাপাশি নবীনদের মতামত গুরুত্ব দিয়েছি যখন যেটা প্রয়োজন। অভিজ্ঞতা ও জ্ঞান এরও কোন বিকল্প নেই।

সবশেষে বলি, সুযোগ্য সম্মানিত বোর্ডের অব্যাহত সহযোগীতা, দিক নির্দেশনা এবং উৎসাহের প্রতি সম্মান, তাদের দুরদর্শীতা, নেতৃত্ব এবং কৌশলগত নির্দেশনা পেশাদারিত্বের সাথে কাজ করার জন্য অনুপ্রানিত করেছে। আমাদের প্রতি তাঁদের ইতিবাচক আস্থা গভীর ভাবে মূল্যায়ন করি। এটি আমাদেরকে সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর টেকসই উন্নয়ন ও সুনাম বৃদ্ধিতে আরও কার্যকর ভাবে অবদান রাখতে উৎসাহিত করে ও ভবিষ্যতে অব্যাহত রাখবে আশা রাখি।

ধন্যবাদ সবাইকে।

**Southeast Bank PLC.™**
a bank with vision




# Key Operational & Financial Highlights At A Glance

**BRANCHES**
137

**SUB-BRANCHES**
22

**AGENT OUTLETS**
155

**ATM**
549

**DEPOSITS**
45,208
CRORE
February 2026

**DEPOSITORS**
1,491,811
February 2026

**LOANS**
37,230
CRORE
February 2026

**BORROWERS**
1,32,321
February 2026

**LDR**
80.65%
February 2026

**IMPORT**
5,482 CRORE
February 2026

**EXPORT**
4,538 CRORE
February 2026

**REMITTANCE**
1,223 CRORE
February 2026

**EMPLOYEES**
3,277

**CREDIT CARD**
2,45,177

**FOREIGN CORRESPONDENT**
300

**CRAR**
13.62%
December 31, 2025

**PAID UP CAPITAL**
1,337 CRORE
December 31, 2025

**OPERATING PROFIT**
181 CRORE
February 2026

**RETURN ON ASSETS**
0.62%
December 31, 2025

**RETURN ON EQUITY**
10.40%
December 31, 2025



Southeast Bank

# Double Scheme Benefit

Secure your future by investing in risk-free and profitable scheme

- Any amount of money in multiples of 10,000 can be deposited.
- Loan facility will be available against the deposits.

ANYTIME FOR ASSISTANCE
16206
+88 09 6123 16206

SoutheastBankBD
www.southeastbank.com.bd

Southeast Bank PLC.™
a bank with vision

*Conditions Apply


SOUTHEAST BANK PRESENTS
Country's First
Student Credit Card
SOUTHEAST BANK PLC.
CARD HOLDER'S NAME
4000 0000 0000 0000
VISA
Eligible after completing the first year of undergraduate study.
Designed for 18 to 30 year old university students.
Seamless local and online payments facilities.
Up to 45 days interest-free period.
ANYTIME FOR ASSISTANCE
16206
+88 09 6123 16206
T&C Apply
VISA
Southeast Bank PLC.
a bank with vision